সংখ্যা ৭৪

# সংগ্রাম বার্তা

একটি উপকূলীয় উন্নয়ন সাময়িকী

। ২২তম বর্ষ । জুলাই ২০২৬

## সাধ্যের মধ্যে সেবা পেতে বরগুনায় উদ্বোধন হয়েছে সংগ্রাম'র অ্যাম্বুলেন্স




স্বাস্থ্য সেবার ব্রত নিয়ে সাধ্যের মধ্যে রোগী পরিবহনের সুবিধা দিতে সংগ্রাম চালু করেছে অক্সিজেন ও এসি সংযোজিত অ্যাম্বুলেন্স সার্ভিস। এটি বাংলাদেশের জাতীয় জরুরি সেবা ৯৯৯-এর আওতাভুক্ত। অ্যাম্বুলেন্সটির শুভ উদ্বোধন করেন-বরগুনা সিভিল সার্জন ডা: মোহাম্মদ আবুল ফাত্তাহ।

## "সংশ্লিষ্টদের সহায়তা পেলে উদ্যোক্তারা বিষমুক্ত শুটকি উৎপাদন করতে সক্ষম হবেন"

-বরগুনা জেলা মৎস্য কর্মকর্তা

"বিষমুক্ত ও স্বাস্থ্যসম্মত শুটকি উৎপাদনের জন্য ক্ষতিকর কীটনাশকের পরিবর্তে আধুনিক ও পরিবেশবান্ধব পদ্ধতি ব্যবহার করা জরুরি। সঠিক নিয়মে মাছ প্রক্রিয়াজাতকরণ, নিরাপদে শুকানোর ব্যবস্থা এবং স্বাস্থ্যসম্মত প্যাকেজিংয়ের মাধ্যমে উচ্চমানের শুটকি উৎপাদন করা সম্ভব। তবে প্রয়োজন সংশ্লিষ্ট ব্যক্তিদের শুটকি উদ্যোক্তাদের বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা। আর সংশ্লিষ্টদের সহায়তা পেলে একজন উদ্যোক্তা নিশ্চয়ই বিষমুক্ত শুটকি উৎপাদন করতে সক্ষম হবেন।" সংগ্রাম এর Sustainable Micronterprise and Resilient Transformation (SMART) প্রজেক্ট এর আয়োজনে শুটকি উদ্যোক্তাদের নিয়ে সংগ্রাম প্রধান কার্যালয়ের হল রুমে Linkage Workshop for Promoting Safe Dry Fish' অনুষ্ঠানে বরগুনা জেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ জিয়া উদ্দিন এসব কথা বলেন।




*বক্তব্য রাখছেন বরগুনা জেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ জিয়া উদ্দিন*

সংগ্রাম এর প্রতিষ্ঠাতা চৌধুরী মোহাম্মদ মাসুম এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বিষমুক্ত শুটকি উৎপাদনে করনীয় এবং সঠিক মূল্যে বাজারজাত করতে ক্রেতাদের সাথে লিংকেজ করার বিষয় নিয়ে গুরুত্বপূর্ন আলোচনা করেন- বরগুনা জেলা পরিবেশ অধিদপ্তর এর সহকারী পরিচালক হায়াত মাহমুদ রকিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, বরগুনা এর নিরাপদ খাদ্য কর্মকর্তা মোঃ ইলিয়াস মিয়া, বাংলাদেশ ফরেস্ট রিচার্জ ইনস্টিটিউট, কলাপাড়া এর বৈজ্ঞানিক কর্মকর্তা মোঃ রহমত উল্লাহ, বরগুনা প্রেসক্লাব'র সভাপতি মোঃ হাফিজুর রহমান। এসময় শুটকি উদ্যোক্তাদের সকল ধরণের সহযোগিতা করার আশ্বাস দিয়ে বক্তব্য রাখেন- সংগ্রাম এর নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন। Linkage Workshop for Promoting Safe Dry Fish' অনুষ্ঠানে শুটকি মাছে কীটনাশক প্রয়োগ, ক্ষতিকর প্রভাব এবং নিয়ন্ত্রণের উপায়, নিরাপদ খাদ্য আইন, ২০১৩ ও মৎস্য ও মৎস্য পণ্য (পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ) আইন, ২০২০ সম্পর্কে আলোচনা করেন SMART প্রজেক্ট'র প্রজেক্ট ম্যানেজার মোঃ আব্দুল্লাহ আল মামুন।

## পাথরঘাটায় অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে সংগ্রামের আর্থিক সহায়তা প্রদান

বরগুনার পাথরঘাটা উপজেলার রায়হানপুর ইউনিয়নের লেমুয়া বাজারে ভয়াবহ অগ্নিকাণ্ডে সর্বস্ব হারানো ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী ও পরিবারের মাঝে বেসরকারি সংস্থা সংগ্রাম আর্থিক সহায়তা প্রদান করেছে। দুর্যোগের এই কঠিন সময়ে সংস্থাটির আর্থিক সহযোগিতা কিছুটা হলেও ক্ষতিগ্রস্ত পরিবারগুলো উপকৃত হয়েছেন।

গত ১৩ জুলাই দিবাগত রাতে লেমুয়া বাজারে ভয়াবহ অগ্নিকাণ্ডে অর্ধশতাধিক দোকান মুহূর্তেই আগুনে পুড়ে ছাই হয়ে যায়। ভুক্তভোগী ব্যবসায়ীদের বহু বছরের পরিশ্রম, পুঁজি ও স্বপ্ন এক রাতেই ধ্বংসস্তূপে পরিণত হয়। বিষয়টি বেসরকারি সংস্থা সংগ্রাম কর্তৃপক্ষের নজরে আসলে ১৫ জুলাই সংগ্রামের কাকচিড়া শাখা কার্যালয়ে ক্ষতিগ্রস্ত ৪০ পরিবারের হাতে আর্থিক সহায়তা তুলে দেন সংগ্রামের প্রতিষ্ঠাতা চৌধুরী মো. মাসুম।



*ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী ও পরিবারের মাঝে আর্থিক সহায়তা প্রদান করছেন সংগ্রাম'র কার্যনির্বাহী পরিষদের সভাপতি*

এ সময় উপস্থিত ছিলেন- বরগুনা জেলা কলেজ শিক্ষক সমিতির সভাপতি এবং সৈয়দ ফজলুল হক ডিগ্রি কলেজের অধ্যক্ষ মো. জিয়াউল করিম, পাথরঘাটা ডিগ্রি কলেজের সাবেক অধ্যক্ষ ও সংগ্রামের কার্যনির্বাহী পরিষদের সভাপতি মো. জাহাঙ্গীর হোসেন, সংগ্রামের ঋণ কর্মসূচির পরিচালক মো. হুমায়ুন কবিরসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ।

সহায়তা পেয়ে আবেগাপ্লুত ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী সুরমা রাণীসহ অন্যরা বলেন, "আগুনে আমরা সবকিছু হারিয়েছি। এমন কঠিন সময়ে সংগ্রাম আমাদের পাশে দাঁড়িয়েছে। এই সহযোগিতা হয়তো আমাদের সব ক্ষতি পূরণ করবে না, কিন্তু আমাদের ভেঙে পড়া মনকে নতুন করে বাঁচার সাহস দিয়েছে। সংগ্রামের এই মানবিকতা আমরা কোনোদিন ভুলব না।"




*বক্তব্য রাখছেন বরগুনা জেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ জিয়া উদ্দিন*

## সমুদ্রগামী জেলেদের নিরাপত্তা উন্নয়নে কর্মশালা

সংগ্রাম কর্তৃক বাস্তবায়িত SMART-Dry Fish প্রকল্পের আয়োজনে ৪ জুন পাথরঘাটায় Promoting Safety Issues for Marine Fisherman শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। এই কর্মশালার মাধ্যমে সমুদ্রগামী জেলেদের নিরাপত্তা জোরদার করার উপর ধারণা প্রদান করা হয়। এই কর্মশালার মাধ্যমে সমুদ্রগামী জেলেদের জলদস্যুর আক্রমন থেকে সুরক্ষা ব্যবস্থা, যেকোন ধরণের আপদকালীন অন্য ট্রলারের সাথে যোগাযোগ রক্ষা করা, মাছ শনাক্ত করে জাল ফেলার প্রক্রিয়া নিয়ে আলোচনা করা হয়। এসব সমস্যা মোকাবেলায় স্যোনার সিস্টেমের উপকারিতা উপস্থাপন করা হয় এবং বিপদকালীন কোস্টগার্ড, মৎস্য কর্মকর্তার সাথে যোগাযোগ বা আপৎকালীন সেবা প্রাপ্তিতে লিঙ্কেজ স্থাপন করে দেয়া হয়।

উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধুরী মোহাম্মদ মাসুম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরগুনা জেলা মৎস্য কর্মকর্তা মোঃ জিয়া উদ্দিন। বিশেষ অতিথি ছিলেন- পাথরঘাটা উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা মোঃ হাসিবুল হক, বাংলাদেশ কোস্ট গার্ড পাথরঘাটা স্টেশন'র লেফটেন্যান্ট কমান্ডার মোঃ সাইফুল ইসলাম, পাথরঘাটা মৎস্য অবতরণ কেন্দ্রের ব্যবস্থাপক লেফটেন্যান্ট কমান্ডার মোঃ মাসুদ শিকদার, বাংলাদেশ ট্রলার মালিক সমিতির সভাপতি জনাব গোলাম মোস্তফা চৌধুরী, বরগুনা জেলা ট্রলার শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক জনাব মোঃ দুলাল হোসেন, সংকল্প ট্রাস্টের নির্বাহী পরিচালক মির্জা এস আই খালেদ প্রমুখ। এছাড়াও অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সমুদ্রগামী ট্রলারের জেলে, মাঝি, স্থানীয় সাংবাদিক বৃন্দ ও বিভিন্ন এনজিওর প্রতিনিধিগণ।

সংগ্রাম ইতোমধ্যে সমুদ্রগামী ২৫টি বড় ট্রলারে স্যোনার সিস্টেম স্থাপনে আর্থিক ও প্রযুক্তিগত সহযোগিতা করেছে এবং এই প্রক্রিয়া অব্যাহত আছে।

## ইআইইআই প্রকল্প সমাপনী মতবিনিময় কর্মশালা

প্রতিবন্ধী শিশুদের প্রাথমিক সনাক্তকরণ ও প্রাথমিক হস্তক্ষেপ শক্তিশালীকরণ (ইআইইআই) প্রকল্পের সমাপনী মতবিনিময় কর্মশালা ১৫-১৭ জুন কুয়াকাটাস্থ বেস্ট সাউদার্ন হোটেলে অনুষ্ঠিত হয়েছে। তিন দিনব্যাপী এই কর্মশালায় প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা, অভিভাবক ও কেয়ারার, কমিউনিটি প্রতিনিধি এবং সংশ্লিষ্ট অংশীজনরা অংশগ্রহণ করেন।

অত্র প্রকল্পের আওতায় এক হাজার চারশত সত্তর জন শিশুকে স্বাস্থ্যসেবা ও পুনর্বাসন সহায়তা, পরিবারভিত্তিক পরিচর্যা, কেয়ারার প্রশিক্ষণ, পুষ্টি সহায়তা, সহায়ক উপকরণ, হোম মডিফিকেশন, বাড়িভিত্তিক শিক্ষা, অন্তর্ভুক্তিমূলক শিক্ষা এবং নিয়মিত বাড়ি পরিদর্শন–কার্যক্রমের আওতাভুক্ত করা হয়। এসব পদক্ষেপের ফলে শিশুর শারীরিক, মানসিক, সামাজিক ও শিক্ষাগত বিকাশে উল্লেখযোগ্য ইতিবাচক পরিবর্তন এসেছে। তিন দিনের কর্মশালায় প্রকল্পের অর্জন, শিক্ষণ, প্রতিবন্ধকতা, পরিবর্তনের ধারা এবং ভবিষ্যৎ করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এই আয়োজনের মাধ্যমে প্রকল্পের ইতিবাচক পরিবর্তন এবং প্রকল্পের বিভিন্ন প্রশিক্ষণ, সচেতনতামূলক কার্যক্রম এবং কমিউনিটি পর্যায়ে সহযোগিতার ফলে শিশুদের দৈনন্দিন জীবনে ইতিবাচক প্রভাব তুলে ধরা হয়।

ইআইইআই প্রকল্পটি লিলিয়ানা ফন্ডস (এলএফ)-এর আর্থিক সহযোগিতায় এবং সেন্টার ফর ডিজঅ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট (সিডিডি)-এর কারিগরি সহায়তায় বাস্তবায়িত হচ্ছে। পাথরঘাটা উপজেলায় সংগ্রাম (সংগঠিত গ্রামোন্নয়ন কর্মসূচী) এবং বাঁশখালী উপজেলায় যুগান্তর সমাজ উন্নয়ন সংস্থা (জেএসইউএস) প্রকল্পটি বাস্তবায়ন করছে। অংশগ্রহণকারীগণ আশা প্রকাশ করেন যে, প্রকল্পের মাধ্যমে অর্জিত শিক্ষা ও অভিজ্ঞতা ভবিষ্যতে প্রতিবন্ধী শিশুদের উন্নয়নে ম্যাপইনসিবিআরসহ আরও বৃহত্তর উদ্যোগ গ্রহণে সহায়ক ভূমিকা পালন করবে।



*অংশগ্রহণকারী অভিভাবক তাঁর প্রতিবন্ধী শিশুর ইতিবাচক পরিবর্তন তুলে ধরছেন*

## বরগুনায় উদ্যোক্তাদের ব্যতিক্রমী বাজার অনুশীলন

বরগুনায় এক ব্যতিক্রমী 'উদ্যোক্তা হাট'-এর আয়োজন করা হয়েছে। যেখানে ক্ষুদ্র উদ্যোক্তারা বাস্তব বাজার পরিস্থিতির অভিজ্ঞতা লাভ করেছেন। উন্নয়ন সংস্থা সংগ্রামের প্রধান কার্যালয়ের হলরুমে RAISE প্রকল্পের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানটি ব্যবসায় ব্যবস্থাপনা ও উদ্যোগ উন্নয়ন প্রশিক্ষণের একটি গুরুত্বপূর্ণ অংশ ছিলো।

হাটের ভেতর ক্রেতা-বিক্রেতার হাঁকডাক, দর কষাকষি, স্টলে সাজানো নিত্যপণ্য, হস্তশিল্প ও গৃহস্থালি সামগ্রী সবকিছুই যেন এক সত্যিকারের গ্রামীণ হাটকে প্রতিফলিত করেছে। এমনকি ডামি পুলিশ, চাঁদাবাজ ও হাট-ইজারাদারের ভূমিকায় প্রশিক্ষকরা অভিনয় করে বাজারের বিভিন্ন পরিচিত পরিস্থিতি তুলে ধরছেন, যাতে অংশগ্রহণকারীরা চাপের মধ্যেও ব্যবসা পরিচালনা, দর কষাকষি, মূল্য নির্ধারণ ও প্রতিকূল পরিস্থিতি মোকাবিলা করার হাতে-কলমে অভিজ্ঞতা অর্জন করতে পারেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন- সংগ্রামের প্রতিষ্ঠাতা চৌধূরী মোহাম্মদ মাসুম, সংগ্রাম প্রধান কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ, RAISE প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তারা, স্থানীয় সাংবাদিক ও আমন্ত্রিত অতিথিরা। এসময় অতিথিরা বিভিন্ন স্টল পরিদর্শন করেন এবং উদ্যোক্তাদের পণ্যের প্রশংসা করেন।

সংশ্লিষ্টরা আশা করছেন, RAISE প্রকল্পের এ ধরনের বাস্তবমুখী প্রশিক্ষণ ক্ষুদ্র উদ্যোক্তাদের দক্ষতা ও ব্যবসায়িক সক্ষমতা বৃদ্ধি করে স্থানীয় পর্যায়ে একটি শক্তিশালী ও টেকসই উদ্যোক্তা সম্প্রদায় গড়ে তুলতে সহায়ক হবে।



*উদ্যোক্তাদের স্টল পরিদর্শন করছেন সংগ্রাম'র প্রতিষ্ঠাতা*




## পাথরঘাটায় প্রতিবন্ধী শিশুদের প্রারম্ভিক সনাক্তকরণে অ্যাডভোকেসি সভা

পাথরঘাটা উপজেলা পরিষদ হলরুমে প্রতিবন্ধী শিশুদের প্রারম্ভিক সনাক্তকরণ ও প্রারম্ভিক হস্তক্ষেপ প্রক্রিয়া জোরদারকরণ বিষয়ক একটি অ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত হয়েছে। লিলিয়ান ফন্ডসের আর্থিক সহায়তায় এবং সেন্টার ফর ডিজঅ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট (CDD)-এর কারিগরি সহায়তায় সংগ্রাম কর্তৃক বাস্তবায়িত EIEI প্রকল্পের আওতায় এ সভার আয়োজন করা হয়। এই সভার মাধ্যমে স্থানীয় প্রশাসন, সাংবাদিক, স্টেকহোল্ডার ও গণ্যমান্য ব্যক্তি যাতে প্রতিবন্ধী শিশুদের প্রয়োজনীয় সহযোগিতা করতে পারে এবং প্রতিবন্ধীতা ইস্যুতে ইতিবাচক ভূমিকা রাখতে পারে, সে বিষয়ে মানসিকতা বৃদ্ধির জন্য অ্যাডভোকেসি সভার আয়োজন করা হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- বরগুনার সিভিল সার্জন ডা. মোহাম্মদ আবুল ফাত্তাহ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন- সংগ্রামের প্রতিষ্ঠাতা ও বিআরডিবি'র চেয়ারম্যান চৌধুরী মোহাম্মদ মাসুম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উপজেলা শিক্ষা কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের কনসালটেন্ট, প্রেসক্লাব সভাপতি, বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

প্রকল্পের কার্যক্রম ও অগ্রগতি বিষয়ে প্রেজেন্টেশন উপস্থাপন করেন প্রকল্প সমন্বয়কারী বিপ্লব ঠাকুর। প্রকল্পের প্রতিবন্ধী শিশু আসাদুল্লাহর মা আকলিমা আক্তার এই প্রকল্পের মাধ্যমে তার শিশুর পরিবর্তন ব্যাখ্যা করেন। পরে অতিথিবৃন্দ সভায় তাদের মূল্যবান মতামত প্রদান করেন। বক্তাগণ তাঁদের বক্তব্যে প্রতিবন্ধী শিশুদের প্রাথমিক সনাক্তকরণ ও সঠিক সময়ে হস্তক্ষেপ জোরদারের ওপর গুরুত্বারোপ করেন। বিভিন্ন সুপারিশসমূহ তুলে ধরেন এবং ভবিষ্যৎ করণীয় নির্ধারণের ওপর গুরুত্ব দেন। সকল অংশীজনের সমন্বিত উদ্যোগের মাধ্যমে প্রতিবন্ধী শিশুদের জন্য একটি অন্তর্ভুক্তিমূলক ও মর্যাদাপূর্ণ ভবিষ্যৎ নিশ্চিত করা সম্ভব হবে বলে প্রত্যয় ব্যক্ত করেন।

## বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে বরগুনায় র‌্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

প্লাস্টিক দূষণ বর্তমান বিশ্বের একটি মারাত্মক সমস্যা। এটি যেমন মাটিকে দূষিত করে, তেমনি এর উর্বরতা হ্রাস করে। প্লাস্টিক পানি ও বাতাসকেও দূষিত করে। যা পরিবেশের উপরে মারাত্মক প্রভাব ফেলে। প্লাস্টিক পানির মাধ্যমে মানুষের শরীরে মাইক্রো প্লাস্টিক রূপে প্রবেশ করে স্বাস্থ্য ঝুঁকিতে ফেলে। তাই প্লাস্টিক দূষণ প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি এবং কার্যকর পদক্ষেপ গ্রহণ করা অত্যন্ত জরুরি। এমন বিষয়কে চিন্তা করে বরিশাল বিভাগের অন্যতম এনজিও সংগ্রাম (সংগঠিত গ্রামোন্নয়ন কর্মসূচি) এর SMART-Dry Fish উপ-প্রকল্পের উদ্যোগে বিশ্ব পরিবেশ দিবসকে কেন্দ্র করে বরগুনা জেলার সার্কিট হাউজ থেকে প্লাস্টিক ও অন্যান্য বর্জ্য পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান চালায়। অভিযানে সোনার বাংলা পরিবেশ ক্লাব'র সদস্যরা অংশগ্রহণ করেন।

পরে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে সোমবার (০৮ জুন) সকাল ১০টার দিকে বরগুনা সার্কিট হাউজ মাঠ থেকে একটি র‌্যালি বের হয়ে জেলার গুরুত্বপূর্ণ কয়েকটি সড়ক প্রদক্ষিণ শেষে সংগ্রাম প্রধান কার্যালয়ের সামনে শেষ করে এর হলরুমে বেলা ১১টার দিকে বিশ্ব পরিবেশ দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

"প্রকৃতি থেকে অনুপ্রাণিত। জলবায়ুর জন্য। আমাদের ভবিষ্যতের জন্য" এই প্রতিপাদ্যকে ধারণ করে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন- পরিবেশ অধিদপ্ত'র বরগুনা'র সহকারী পরিচালক হায়াত মাহমুদ রকিব।

সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধুরী মোঃ মাসুম'র সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন- সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধুরী মুনীর হোসেন, বরগুনা পলিটেকনিক ইনস্টিটিউট'র ইনস্ট্রাক্টর (পরিবেশ বিজ্ঞান) মোঃ মনিরুজ্জামান রুমান, বরগুনা পুলিশ লাইন হাই স্কুল এর প্রধান শিক্ষক মোঃ ইদ্রিসুল আলম।




## মাঠকর্মকর্তাদের চার দিনব্যাপী মৌলিক প্রশিক্ষণ

সংগ্রাম প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ কেন্দ্রে মাঠকর্মকর্তাদের ৪দিন ব্যাপি মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। এতে সংগ্রাম'র ঋণ কর্মসূচির নতুন নিয়োগপ্রাপ্ত ২৪জন মাঠ মাঠ কর্মকর্তা অংশগ্রহন করেন।




এই প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন- সংগ্রাম'র পরিচালক (প্রশিক্ষণ) মাসউদ সিকদার, সিনিয়র পরিচালক (মানবসম্পদ) রেশমাতুজ্জামান, আইটি অফিসার মো: নূরুল্লাহ্ ও স্মার্ট প্রজেক্ট এর প্রজেক্ট ম্যানেজার আব্দুল্লাহ্ আল মামুন। প্রশিক্ষণের কোর্স কো-অর্ডিনেটরের দায়িত্ব পালন করেন- মিডিয়া অফিসার মোঃ সানাউল্লাহ্ রিয়াদ। প্রশিক্ষণ শেষে সংগ্রাম'র কার্যনির্বাহী পরিষদের সভাপতি সাবেক অধ্যক্ষ মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন মাঠ কর্মকর্তাদের হাতে সনদপত্র প্রদান করেন। এসময় সংস্থার নির্বাহী পরিচালক চৌধুরী মুনীর হোসেন, সিনিয়র পরিচালক (কর্মসূচী) মোঃ ইউসুফ উপস্থিত ছিলেন। কার্যনির্বাহী পরিষদের সভাপতি বলেন "ঋণ কার্যক্রম এর সাথে কাজ করতে হলে থাকতে হবে সততা, সচ্ছতা, মানবিকতা, উদারতা ও শৃঙ্খলা; থাকতে হবে সংস্থার নিয়মের প্রতি শ্রদ্ধাশীল। করতে হবে দায়িত্বের জায়গা থেকে নিজেকে চমৎকারভাবে উপস্থাপন। যে উপস্থাপন সংস্থার পাশাপাশি নিজেকেও নিয়ে যেতে পারে একটি সুন্দর থেকে সুন্দরতম জায়গায়। নিজেকে তৈরি করতে নিশ্চয়ই এই মৌলিক প্রশিক্ষণ আগামীর পথ চলাকে সুন্দর ও মসৃণ করবে, যা মাঠ পর্যায়ে সফলতা এনে দিতে সহায়তা করবে।"

# 'সংগ্রাম'র বার্ষিক সাধারণ সভা ও কার্যনির্বাহী পরিষদ নির্বাচন সম্পন্ন

## সভাপতি জাহাঙ্গীর হোসেন ও সাধারণ সম্পাদক আমিনুর রহমান

১৯৮৫ সালে প্রতিষ্ঠার পর সুদীর্ঘ ৪১ বছর ধরে অত্যন্ত সুনাম'র সাথে প্রান্তিক জনপদ'র গরীব, অসহায়, দুস্থ মানুষের জীবনমান উন্নয়নের ব্রত নিয়ে এ অঞ্চলের মানুষের ইতিবাচক পরিবর্তনের মধ্য দিয়ে নিরলসভাবে কাজ করে যাচ্ছে স্থানীয় উন্নয়ন সংস্থা সংগ্রাম।

১৬ মে সন্ধ্যা ৬ টার দিকে সংগ্রাম প্রধান কার্যালয়ের হল রুমে বার্ষিক সাধারণ সভা ও কার্যনির্বাহী পরিষদ (২৬-২৯ সময়কালের) নির্বাচন অনুষ্ঠিত হয়। প্রধান নির্বাচন কমিশনার ছিলেন বরগুনা সরকারি মহিলা কলেজ এর সাবেক অধ্যক্ষ প্রধান নির্বাচন কমিশনার হিসেবে মো. মনিরুল ইসলাম, নির্বাচন কমিশনার হিসেবে ছিলেন যথাক্রমে পাথরঘাটা ডিগ্রি কলেজ'র সাবেক প্রভাষক মাহমুদুল করিম ও বরগুনা ডিকেপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোসাম্মৎ খালেদা আকতার। নির্বাচনে প্রিজাইডিং অফিসার এর দায়িত্ব পালন করেন- বরগুনা পুলিশ লাইন মাধ্যমিক বিদ্যালয়'র প্রধান শিক্ষক মো: ইদ্রিসুল আলম। এসময় নির্বাচন পর্যবেক্ষক হিসেবে উপস্থিত ছিলেন-ঢাকা সমাজসেবা অধিদপ্তর'র উপপরিচালক (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) মো: কামাল হোসাইন।



নির্বাচন কমিশনার ও আমন্ত্রিত অতিথিবৃন্দের সাথে সংগ্রাম'র নবনির্বাচিত কার্যনির্বাহী পরিষদ

প্রধান নির্বাচন কমিশনার নির্বাচনী ফলাফল ঘোষণা করেন। এতে সভাপতি মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, সহ-সভাপতি চৌধুরী মরিয়ম, সাধারণ সম্পাদক মোঃ আমিনুর রহমান, সদস্য মোঃ আবদুর রব, মোঃ ইসমাইল হোসেন, ফেরদৌসি ও মোসাঃ জাকিয়া বেগম'র নাম ঘোষণা করা হয়। নির্বাচিত এই কমিটি আগামী ১৪ জুন-২০২৬ থেকে ১৩ জুন ২০২৯ সাল পর্যন্ত মোট তিন বছর দায়িত্ব পালন করবেন। সংস্থার পক্ষ থেকে নির্বাহী পরিচালক চৌধুরী মুনীর হোসেন সাত নির্বাচিত ব্যক্তিকে ফুলেল শুভেচ্ছা জানান। নির্বাচনী সকল প্রক্রিয়া শেষে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। এতে কার্যনির্বাহী পরিষদ এর সভাপতি মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন'র সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধুরী মোহাম্মদ মাসুমসহ কার্যনির্বাহী ও সাধারণ পরিষদ'র সম্মানিত সদস্যবৃন্দ। বার্ষিক সাধারণ সভায় সংগ্রাম'র গত আর্থিক বছরের আয়-ব্যয়, অগ্রগতি ও আগামী বছরের পরিকল্পনা তুলে ধরে বক্তব্য রাখেন-সংস্থার নির্বাহী পরিচালক চৌধুরী মুনীর হোসেন।



## দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির দক্ষতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ

ম্যাপইনসিবিআর প্রকল্পের উদ্যোগে দুর্যোগ ঝুঁকি হ্রাস এবং দুর্যোগ মোকাবেলায় স্থানীয় পর্যায়ের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কালমেঘা ইউনিয়নে ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির (UDMC) সদস্যদের জন্য এক দিনব্যাপী দুর্যোগ প্রস্তুতি বিষয়ক দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণে ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির ২৫ জন সদস্য অংশগ্রহণ করেন।

প্রশিক্ষণে দুর্যোগের পূর্বপ্রস্তুতি, ঝুঁকি ও সম্পদ মানচিত্রায়ন, আগাম সতর্কবার্তা প্রচার, জরুরি সাড়া প্রদান, উদ্ধার ও পুনর্বাসন কার্যক্রমে সমন্বয় এবং দুর্যোগকালীন সময়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর সুরক্ষা নিশ্চিতকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিশেষভাবে প্রতিবন্ধী ব্যক্তি, নারী, শিশু ও প্রবীণদের অন্তর্ভুক্তিমূলক দুর্যোগ ব্যবস্থাপনার ওপর গুরুত্বারোপ করা হয়।

অংশগ্রহণকারীরা প্রশিক্ষণ থেকে অর্জিত জ্ঞান স্থানীয় পর্যায়ে প্রয়োগ করে দুর্যোগ মোকাবেলায় আরও কার্যকর ভূমিকা রাখার প্রত্যয় ব্যক্ত করেন। আয়োজকরা আশা প্রকাশ করেন যে, এ ধরনের প্রশিক্ষণ স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাঠামোকে আরও শক্তিশালী করবে এবং একটি নিরাপদ ও দুর্যোগ-সহনশীল কমিউনিটি গড়ে তুলতে সহায়ক হবে।

## ঝুঁকি ব্যবস্থাপনা ও উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ

বাংলাদেশের মোট কর্মসংস্থানের ৭৮% কুটির ও ক্ষুদ্র উদ্যোগের সাথে সম্পৃক্ত যা টেকসই অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। কোভিড-১৯-এর কারণে অন্যান্য খাতের মত অনানুষ্ঠানিক খাতেও বিরূপ প্রভাব পড়েছে। এরই প্রেক্ষিতে পিকেএসএফ রেইজ প্রকল্পের মাধ্যমে কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্ত শহর ও উপ-শহরাঞ্চলের ক্ষুদ্র উদ্যোগ এগিয়ে নেয়ার লক্ষ্যে উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধি ও ঋণ সহায়তা প্রদান, দেশের অনানুষ্ঠানিক খাতে নিয়ুক্ত ক্ষুদ্র উদ্যোক্তাদের সক্ষমতা ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং নিম্ন-আয়ের পরিবারভুক্ত তরুণদের শিক্ষানবীশ কর্মসূচীর মাধ্যমে টেকসই কর্মসংস্থানে সম্পৃক্ত করার উদ্যোগ গ্রহণ করেছে।

পিকেএসএফ'র সহযোগী সংস্থা সংগ্রাম বরগুনা ও পটুয়াখালী জেলায় রেইজ প্রকল্প বাস্তবায়ন করছে। এই প্রকল্পের আওতায় 'ঝুঁকি ব্যবস্থাপনা ও ব্যবসায় ধারাবাহিকতা' বিষয়ক তিনদিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করা হয়। সংগ্রাম প্রধান কার্যালয়ের হল রুমে শনিবার সকাল ১০টার দিকে ২০-২২ জুন পর্যন্ত তিন দিন মেয়াদের এ প্রশিক্ষণের উদ্বোধন করেন সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধুরী মুনীর হোসেন। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন সংগ্রাম'র পরিচালক (প্রশিক্ষণ) প্রকল্পটির ফোকাল পার্সন মোঃ মাসউদ সিকদার ও 'RAISE' প্রকল্পের প্রোগ্রাম কো-অর্ডিনেটর মোঃ মুনিরুজ্জামান। এ প্রশিক্ষণে নারী ও পুরষসহ ২৬ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করছেন। প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা সহজ শর্তে 'RAISE' প্রকল্পের মাধ্যমে আর্থিক সহায়তা নিতে পারবেন।




পৃষ্ঠপোষক : চৌধুরী মুনীর হোসেন
নির্বাহী সম্পাদক : চৌধুরী মোহাম্মাদ মঈন, সম্পাদক : মো. মাসউদ সিকদার, বার্তা সম্পাদক : মো. সানাউল্লাহ রিয়াদ, গ্রাফিক্স : মো. আরিফ মিয়া
মিডিয়া সেল, সংগ্রাম, শহীদ স্মৃতি সড়ক, বরগুনা থেকে প্রকাশিত। ফোন : +৮৮ ০১৭৩৩-৩৪৭৯৩৩
E-mail: contact@sangram.ngo, Facebook: facebook.com/ngosangram, youtube.com/SangramNgo, Website: www.sangram.ngo